দৈনিক বাংলা

তারিখ 19 JAN 1989
পৃষ্ঠা 5 কলাম 7

20

জনমত

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

আমরা সরিষাবাড়ি ডিগ্রী কলেজের নিয়মিত ছাত্র। আমরা ১৯৮৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ১৯৮৮ সালের বিএ (পাস) পরীক্ষা সরিষাবাড়ী কলেজ কেন্দ্র থেকে দিয়েছি। আমাদের নির্বাচিত বিষয়সমূহের পরীক্ষা ১৯-১১-৮৮ ইং তারিখে শুরু হয়ে ৫-১২-৮৮ ইং তারিখে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে শেষ হয়। এই সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রেরিত পরীক্ষা পরিদর্শক টিম উক্ত পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। ৫-১২-৮৮ ইং তারিখে যাদের নির্বাচিত বিষয়সমূহের পরীক্ষা শেষ হয়নি তাদের পরীক্ষা পরবর্তী বিভিন্ন সময়ে শেষ হয়ে ঐ কেন্দ্রের সব পরীক্ষা ২২-১২-৮৮ ইং তারিখে শেষ হয়। কিন্তু সব পরীক্ষা শেষ হওয়ার পর গত ২৫-১২-৮৮ ইং তারিখে দৈনিক পত্রিকার মাধ্যমে আমরা জানতে পারলাম, উক্ত পরীক্ষা কেন্দ্র ও কেন্দ্রে অনুষ্ঠিত সব পরীক্ষা বাতিল করা হয়েছে। প্রশ্ন হলো, কর্তৃপক্ষ পরীক্ষা সমাপ্ত হওয়ার পর কেন সব পরীক্ষা বাতিল করলেন? যদি প্রথম থেকেই পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত না হতো তা হলে পরীক্ষা শেষ হওয়ার বহু পূর্বেই তো কর্তৃপক্ষ পরীক্ষা কেন্দ্র পরিবর্তন করতে পারতেন। কাজেই এটা স্পষ্ট যে, ব্যাপক দুর্নীতির অভিযোগে সব পরীক্ষা বাতিল করা মোটেই সংগতিযুক্ত হয়নি। এ গরীব দেশে অভিভাবকগণ বহু কষ্ট করে তাদের ছেলে-মেয়েদের লেখাপড়ার খরচ বহন করেন। এ অবস্থায় ছেলেমেয়েদের একটি বৎসর নষ্ট হলে আর্থিক দিক দিয়ে তারা যে কত ক্ষতিগ্রস্ত হবেন এবং তাদের ছেলেমেয়ে তথা ছাত্র-ছাত্রীদের জীবনেও নেমে আসবে চরম হতাশা তা বলাই বাহুল্য।

তাই এভাবে নির্বিচারে অসংখ্য নিরীহ ও নিরপরাধ পরীক্ষার্থীদের পরীক্ষা বাতিলের ঘোষণাটি প্রত্যাহার করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে আকুল আবেদন জানাচ্ছি।

—মোঃ আবুল হোসেন ও
রফিকুল ইসলাম
সরিষাবাড়ী ডিগ্রী কলেজ,
সরিষাবাড়ী।